

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।


“বিজ্ঞপ্তি”

তারিখ: ৩১/০১/২০১৭খ্রি:

আগামী ০৫ ফেব্রুয়ারী ২০১৭ রবিবার সকাল ৯.০০ টায় বাংলাদেশ ও ইউনেস্কো'র যৌথ আয়োজনে ই-৯ ভুক্ত সদস্য রাষ্ট্রসমূহের মন্ত্রী পর্যায়ের একটি সভা ঢাকাস্থ হোটেল রেডিসন ব্লুতে অনুষ্ঠিত হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত সভা উদ্বোধন করবেন। এ সভায় আপনাদেরকে অবশ্যই সকাল ৯.০০ টায় উপস্থিত হয়ে আসন গ্রহণ করতে হবে। কাজেই কলেজের ২নং গেইট হতে সকাল ৭.৩০ টায় সম্মেলনের উদ্দেশ্যে কলেজের বড় বাস ছেড়ে যাবে। কলেজ বাসে যেতে ইচ্ছুক মনোনীত শিক্ষকদের ঐ দিন সকাল ৭.১৫ টার মধ্যে বাসে আসন গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

মনোনীত শিক্ষকদের ইনভাইটেশন কার্ড এতদসঙ্গে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

  
( প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী )  
অধ্যক্ষ  
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:-

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
  - ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
  - ৩। আহ্বায়ক, কলেজ ওয়েবসাইট পরিচালনা/তদারকি কমিটি।
- \*বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।